



শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারক নং-সাস্ট/পিআর/০৩/

তারিখ: ১১ মার্চ, ২০১৯

প্রেস বিজ্ঞপ্তি

আজ ১১ মার্চ, ২০১৯ শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় সিলেট-এ বিকাল ৫ টায় বিশ্ববিদ্যালয় হ্যান্ডবল খেলার মাঠে আন্তঃবিভাগ ভলিবল প্রতিযোগিতা ২০১৯-এর পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ।

প্রধান অতিথির বক্তব্যে ফাইনালে বিজয়ী ও অংশগ্রহনকারী সকল দলকে অভিনন্দন জানিয়ে ভাইস চ্যান্সেলর ফরিদ উদ্দিন আহমেদ বলেন, খেলাধুলার মাধ্যমে ভাতৃত্ববোধ তৈরি হয়, যা শিক্ষার্থীদের ভবিষ্যৎ কর্মজীবনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। বিশ্ববিদ্যালয় প্রশাসন পড়াশোনার পাশাপাশি খেলাধুলাকে উৎসাহিত করার লক্ষ্যে ইতোমধ্যে প্রত্যেকটি বিভাগের জন্য আলাদা অর্থ বরাদ্দ দেয়া হয়েছে। সুষ্ঠু ও সুন্দরভাবে প্রতিযোগিতা সম্পন্ন হওয়ার জন্য সংশ্লিষ্ট সকলকে শুভেচ্ছা জানাই।

এ সময় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর ড. এস এম সাইফুল ইসলাম, খেলাধুলা ও ক্রিয়া উপ-কমিটির সভাপতি প্রফেসর ড. মো. রাশেদ তালুকদার, প্রক্টর প্রফেসর জহির উদ্দিন আহমেদ, শারীরিক শিক্ষা দপ্তরের পরিচালক চৌধুরী সৌউদ বিন আহম্মিয়া।

বিকাল ৪ টায় অনুষ্ঠিত ছেলেদের ফাইনাল খেলায় ইংরেজি বিভাগ কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং এন্ড পলিমার সাইন্স বিভাগকে ২-১ সেটে পরাজিত করে বিজয়ী হয় এবং মেয়েদের খেলায় অর্কিটেকচার বিভাগ জিওগ্রাফি এন্ড ইনভাইরনমেন্টাল সাইন্স বিভাগকে ২-১ পরাজিত করে চ্যাম্পিয়ান হওয়ার গৌরব অর্জন করে।

(মুহাম্মদ ইশফাকুল হোসেন)
রেজিস্ট্রার